দৈনিক ইত্তেফাক

তারিখ 18 JUL 1993
পৃষ্ঠা ... ৭২ ... কলাম ... ৮ ...

# রাজশাহী সিটির শিক্ষকদের অবস্থান ধর্মঘট

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ গতকাল শনিবার বেলা ১১টা হইতে ১২টা পর্যন্ত রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ ভারপ্রাপ্ত ভিসির (প্রোভিসি) অফিসে অবস্থান ধর্মঘট পালন করেন। নবনিযুক্ত কোষাধ্যক্ষ ডঃ মকবুল হোসেনের নিয়োগ বাতিল করার দাবীতে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এই ধর্মঘট আহ্বান করে। শিক্ষক সমিতির পূর্ব ঘোষিত কর্মসূচী অনুযায়ী ১৭ই জুলাই ভিসি অফিসে অবস্থান ধর্মঘট পালন করার কথা থাকিলেও ভিসি ঢাকা চলিয়া যাওয়ায় ধর্মঘটি শিক্ষকগণ ক্ষোভ প্রকাশ করেন। অবস্থান ধর্মঘট শেষে শিক্ষকদের উদ্দেশে এক সংক্ষিপ্ত ভাষণে শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ডঃ মুঃ কায়েস উদ্দীন, বলেন, অবিলম্বে দাবী পূরণ করা না হইলে শিক্ষক সমিতি ১৯শে জুলাই হইতে লাগাতার কর্মবিরতি শুরু করিবে। এদিকে, বিএনপি এবং জামায়াতপন্থী শিক্ষকগণ শিক্ষক সমিতির কর্মসূচী বয়কট অব্যাহত রাখিয়াছেন। তাঁহাদের অভিযোগ, রাজনৈতিক স্বার্থে শিক্ষক সমিতিকে ব্যবহার করা হইতেছে। শিক্ষক সমিতির সভাপতি এই অভিযোগ অস্বীকার করিয়া বলেন, সভায় উপস্থিত সংখ্যাগরিষ্ঠ শিক্ষকের মতামতের ভিত্তিতে এবং গণতান্ত্রিক পদ্ধতিতে সমিতি কর্মসূচী ঘোষণা করিয়াছে।